

ত্রী আল-আন'আম | Al-An'am | الْأَنْعَام

আয়াতঃ ৬:১০০

া আরবি মূল আয়াত:

আর তারা জিনকে আল্লাহর জন্য শরীক সাব্যস্ত করেছে, অথচ তিনি তাদেরকে সৃষ্টি করেছেন। আর তারা অজ্ঞতাবশত মনগড়াভাবে নির্ধারণ করেছে তার জন্য পুত্র ও কন্যা সন্তান। তিনি পবিত্র মহান এবং তারা যা বিবরণ দেয় তা থেকে উধ্বের্ধ। — আল্লাবায়ান

তারা জ্বীনকে আল্লাহর অংশীদার স্থির করে অথচ তাদেরকে তিনিই সৃষ্টি করেছেন, তারা না জেনে না বুঝে আল্লাহর জন্য পুত্র-কন্যা স্থির করে, তাদের এসব কথা হতে তিনি পবিত্র ও মহান। — তাইসিরুল

আর এই (অজ্ঞ) লোকেরা জিনদেরকে আল্লাহর শরীক বানিয়ে নিয়েছে, অথচ আল্লাহই ঐগুলিকে সৃষ্টি করেছেন, আর না জেনে না বুঝে তারা তাঁর জন্য পুত্র কন্যা রচনা করে; তিনি মহিমান্বিত (পবিত্র), এদের আরোপিত বিশেষণগুলি হতে বহু উধ্বের্ব তিনি। — মুজিবুর রহমান

But they have attributed to Allah partners - the jinn, while He has created them - and have fabricated for Him sons and daughters. Exalted is He and high above what they describe — $Sahih\ International$

১০০. আর তারা জিনকে আল্লাহর সাথে শরীক সাব্যস্ত করে, অথচ তিনিই এদেরকে সৃষ্টি করেছেন। আর তারা অজ্ঞতাবশত আল্লাহর প্রতি পুত্রকন্যা আরোপ করে; তিনি পবিত্র- মহিমাম্বিত! এবং তারা যা বলে তিনি তার উধের্ব।

তাফসীরে জাকারিয়া

(১০০) তারা জ্বিনকে আল্লাহর অংশী স্থাপন করে, অথচ তিনিই ওদেরকে সৃষ্টি করেছেন এবং ওরা অজ্ঞানতাবশতঃ আল্লাহর প্রতি পুত্র-কন্যা আরোপ করে। তিনি মহিমার্নিত এবং ওরা যা বলে, তিনি তার উধ্বের্ব।



hadithbd.com — কুরআন — আল-আন'আম | Al-An'am الْأَنْعَامِ ا

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=889

🗿 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন